যায়যায়দিন

AUG... 2006
২২ পাতা ২

# পবিপ্রবি ভিসির বিরুদ্ধে অ
# আত্মসাতের অডিট আপত্তি

পটুয়াখালী প্রতিনিধি

পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (পবিপ্রবি) ভিসি ড. ওয়াহিদ-উ-জামানের বিরুদ্ধে ৯ দফায় ৫৩ লাখ ৯০ হাজার ৪১৪ টাকার অডিট আপত্তি দিয়েছে অডিট অধিদফতর। আর্থিক অনিয়ম ছাড়াও অডিট রিপোর্টে জনবল, প্রশাসনিক ও অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থাপনায় ব্যাপক দুর্নীতির উল্লেখ করা হয়েছে।

স্থানীয় ও রাজস্ব অডিট অধিদফতরের অডিট অ্যান্ড একাউন্টস অফিসার পবিত্রেশ্বরকে প্রদান করে গঠিত দু'সদস্যের অডিট কমিটি গত বছরের ১ মার্চ থেকে ৩ বছর ৩০ জুন পর্যন্ত অডিট কাজ পরিচালনা করেন।

বিশ্ববিদ্যালয় সূত্র জানায়, ২০০৪ সালের মে মাসে যোগদানের পর থেকেই বিশ্ববিদ্যালয় অ্যাক্টকে বৃদ্ধাঙ্গুলী দেখিয়ে ভিসি ড. ওয়াহিদ-উ-জামান ও তার অনুসারীদের অনিয়ম, দুর্নীতি, অব্যবস্থাপনা, বাজেট বহির্ভূত খরচ প্রভৃতি কারণে বিশ্ববিদ্যালয়ের কার্যক্রমে অচলাবস্থা দেখা দেয়। এমনকি বিশ্ববিদ্যালয় অ্যাক্ট অনুযায়ী অর্থ উত্তোলন করতে ভিসি ও ট্রেজারারের যৌথ স্বাক্ষর প্রয়োজন হলে ভিসি একক স্বাক্ষরে অর্থ উত্তোলন করেছেন।

এদিকে ভিসির অনিয়ম ও দুর্নীতির কারণে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন জুলাই মাস থেকে বিশ্ববিদ্যাল দ্বিতীয়, তৃতীয় ও চতুর্থ কিস্তির প্রায় কোটি টাকা ছাড় করতে অনীহা প্র করে। ফলে বিশ্ববিদ্যালয়টি বর্ত চরম আর্থিক সঙ্কটে পড়েছে।

বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন থেকে ছাড় করার তদবিরে বিশ্ববিদ্যাল ট্রেজারার ড. আবদুল লতিফ ম কমিশন থেকে টাকা ছাড় করার তদ ঢাকায় এক সপ্তাহ অবস্থানের বৃহস্পতিবার ক্যাম্পাসে ফিরে আ তিনি জানান, আশা করা বিশ্ববিদ্যালয়ের বৃহত্তর স্বার্থ বিবে করে কমিশন শিগগিরই অর্থ করবে।